

কামিল পরীক্ষার ফল প্রকাশ আজ

নিজস্ব প্রতিবেদক

১০ মে ২০২৬, ১২:০০ এএম



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) অধীন কামিল মাদ্রাসার দুই বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) ২০২৪ সালের পরীক্ষার ফল আজ রবিবার প্রকাশ করা হচ্ছে। পরীক্ষা শেষ হওয়ার প্রায় তিন মাস পর এ ফল প্রকাশ হচ্ছে। গতকাল শনিবার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম এ তথ্য জানান।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে দুই বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) প্রথম ও দ্বিতীয় পর্বের ২০২৪ সালের পরীক্ষা গত ৩ জানুয়ারি শুরু হয়, শেষ হয় ৯ ফেব্রুয়ারি। সারাদেশের ১৬৭ কেন্দ্রে অনুষ্ঠিত এই পরীক্ষায় ৪২ হাজার ৩৩৯ জন শিক্ষার্থী অংশ নেন।